

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৩৪৯

তেলিয়ামুড়া, ২৬ ডিসেম্বর, ২০২৩

### ১৪ জানুয়ারি চাকমাঘাট ব্যারেজে পৌষ সংক্রান্তি মেলা

তেলিয়ামুড়া মহকুমার চাকমাঘাট ব্যারেজে আগামী ১৪ জানুয়ারি পৌষ সংক্রান্তি মেলা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে সম্প্রতি তেলিয়ামুড়া ব্লকের মিলনায়তনে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান যমুনা দাস। এছাড়া সভায় উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া ব্লক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান ভানলাল রাঞ্জল, তেলিয়ামুড়া মহকুমার মহকুমা শাসক অভিজিৎ চক্রবর্তী, তেলিয়ামুড়া ব্লক আধিকারিক দেবপ্রিয়া দাস, সমাজসেবী রনজিৎ সূত্রধর সহ সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগণ। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, প্রত্যেক বছরের ন্যায় এ বছরও মেলায় সারারাত ব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হবে। থাকবে বিভিন্ন দপ্তরের স্টল। মেলাকে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে ১টি পরিচালন কমিটি গঠন করা হয়েছে।

\*\*\*\*\*